# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

**মাসিক নদী বিজ্ঞপ্তি নং-০৪**

মাস ঃ ফেব্রুয়ারী/২০২১ (দ্বিতীয় পাক্ষিক)

(১৬-০২-২০২১ হতে ২৮-০২-২০২১ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে)

মুজিব বর্ষের অঙ্গীকার
নদী রাখবো পরিস্কার

| নথি নং-১৮.১১.০০০০.৩৮২.৩৪.০২০.২০/২৯৫ | | | | তারিখঃ ০২/০৩/২০২১ইং। | |
|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | নৌ-পথের নাম | দুরুত্ব (কিঃ মিঃ) | শোলের নাম ও গভীরতা | নৌ-চলাচলের জন্য উন্মুক্ত | ড্রাফট সীমা (সর্বোচ্চ) |
| ১. | নারায়ণগঞ্জ-চট্টগ্রাম | ২৮২ | বয়ারচর এলাকায় ২.৯০ মিঃ | দিবা/রাত্রি | ৩.৯৬ মিঃ * |
| ২ | ঢাকা-নারায়ণগঞ্জ | ৩১ | নাব্যতা সংকট নেই | দিবা/রাত্রি | ৩.৯৬ মিঃ |
| ৩ | নারায়ণগঞ্জ-ঘোড়াশাল | ৪৯ | নাব্যতা সংকট নেই | দিবা/রাত্রি | ৩.৯৬ মিঃ |
| ৪ | চাঁদপুর-বরিশাল (কালিগঞ্জ হয়ে) | ৯৩ | রসুলপুর ২.৪০মিঃ | দিবা/রাত্রি | ৩.৬৫ মিঃ * |
| ৫. | দাউদকান্দী-সোনামুড়া (বিবির বাজার) | ৯৮ | - | শুধু দিনে | (বন্ধ) |
| ৬ | বরিশাল-পটুয়াখালী-গলাচিপা-পায়রা বন্দর | ১৪৯ | কবাই ১.৯০ মিঃ | দিবা/রাত্রি | ৩.০০ মিঃ * |
| ৭. | বরিশাল-পায়রা বন্দর (দুর্গাপাশা-দশমিনা-চরকাজল হয়ে) | ১৪২ | দুর্গাপাশা এবং হাজিরহাট ৩.০০মিঃ | দিবা/রাত্রি | ৩.৯৬ মিঃ * |
| ৮. | বরিশাল-খুলনা (শ্যালা নদী হয়ে) | ২৪১ | বন্ধ | - | - |
| ৯. | বরিশাল-খুলনা (এমজি ক্যানেল হয়ে) | ১৮৪ | মাছমারা, বুড়িরডাংগা, উলুবুনিয়া, বগুড়াখাল, লুপকাটিং, ডাকরা খালের মুখ, কালীগঞ্জ, বেতিবুনিয়া, প্লানের বাজার এবং ঘষিয়াখালী ৩.১০ মিঃ | দিবা/রাত্রি | ৩.৬৫ মিঃ * |
| ১০ | মংলা-আংটিহারা-রায়মঙ্গল | ১৩৮ | চালনা, দাকোপ, বটবুনিয়া, কালিবাড়ী, আড়াশিবসা, শিংগেরনালা, বজবজা-২.৭০ মিঃ | দিবা/রাত্রি | ৩.১০ মিঃ * |
| ১১ | খুলনা-নোয়াপাড়া | ৩৩ | ফুলতলা, ধলগ্রাম, রানাগাতি,তালতলা ও নওয়াপাড়া -২.৯৫ মিঃ | দিবা/রাত্রি | ৩.৩০ মিঃ * |
| ১২ | ঢাকা-রামচর-মাদারীপুর | ১৭২ | খাসেরহাট, মহিসেরচর, ফাইসাতলা, খুনেরচর ও বান্দেরহাট-২.৭০ মিঃ | দিবা/রাত্রি | ২.৭০ মিঃ * |
| ১৩ | ঢাকা-নন্দিরবাজার-হুলারহাট | ২০৮ | টোংরামারী ৩.৯০ মিঃ | দিবা/রাত্রি | ৩.৯৬ মিঃ * |
| ১৪ | বরিশাল-পটুয়াখালী (ভায়া চরশিবলী) | ৮৪ | কর্ণকাঠি-২.৬০ মিঃ | দিবা/রাত্রি | ২.৭৪ মিঃ * |
| ১৫ | বরিশাল-লালমোহন-ভোলা (ভায়া দুর্গাপাশা) | ৮৮ | নাজিরপুর ২.৭০ মিঃ | দিবা/রাত্রি | ৩.৫০ মিঃ * |
| ১৬ | বরগুনা নালা (খাকদোন নদী) | ৫ | বরগুনা নালা-২.০০ মিঃ | দিবা/রাত্রি | ৩.৯৬ মিঃ * |
| ১৭ | বরিশাল-ঝালকাঠি-পাথরঘাটা | ১১৪ | নাব্যতা সংকট নেই | দিবা/রাত্রি | ৩.৯৬ মিঃ |
| ১৮ | পটুয়াখালী-আমতলী | ৪১ | মির্জাগঞ্জ এবং আমতলী-১.৫০ মিঃ | দিবা/রাত্রি | ২.৭৪ মিঃ * |
| ১৯ | হরিনা (চাঁদপুর)-আলুবাজার (ভায়া লক্ষীরচর) | ১০ | লক্ষিরচর-বেড়াচাক্কি-৩.৬৬ মিঃ | দিবা/রাত্রি | ৩.৯৬ মিঃ * |
| ২০ | নারায়ণগঞ্জ-মতলব | ৫৯ | এখলাসপুর নালার মুখে-১.২২ মিঃ এবং জহিরাবাদ-কানুদী-১.৬৮ মিঃ | দিবা/রাত্রি | ১.৮৩ মিঃ * |
| ২১ | ভোলা (ইলিশা)-লক্ষীপুর ফেরীরুট (মজুচৌধুরীরহাট) | ৩২ | বুড়ির খাল ১.৮৩ মিঃ | দিবা/রাত্রি | ২.৪৪ মিঃ * |
| ২২ | চাঁদপুর-মাওয়া-পাটুরিয়া/আরিচা | ১১৯ | বাবুরচর-লৌহজং ২.৭৪ মিঃ | শুধু দিনে | ২.৯০ মিঃ |
| ২৩ | পাটুরিয়া-বাঘাবাড়ী | ৫০ | লতিফপুর (ড্রেজিং খাড়ির উপরে) ২.৪৪ মিঃ | শুধু দিনে | ২.১৩ মিঃ |
| ২৪ | পাটুরিয়া-রুপপুর/পাকশী | ১০২ | রানাখড়িয়া-২.৪৩ মিঃ | শুধু দিনে | ২.১৩ মিঃ |
| ২৫ | (ক) পাটুরিয়া-সিরাজগঞ্জ (কাউলিয়া) | ৫০ | চরকাটালী, ভুতেরমোর-২.৫৩ মিঃ | শুধু দিনে | ২.১৩ মিঃ |
| | (খ) সিরাজগঞ্জ (কাউলিয়া)-দৈখাওয়া/সাহেবের আগলা | ২৭৭ | স্তুলচর (১) ২.২৯ মিঃ | শুধু দিনে | ২.২৫ মিঃ |
| ২৬ | শিমুলিয়া-ইলিয়াছ আহম্মেদ চৌধুরী (বাংলাবাজার) ফেরী ঘাট | ১১ | মাগুরখন্ড ও হাজরা-২.৭৪ মিঃ | দিবা/রাত্রি | ২.৪৩ মিঃ |
| ২৭ | পাটুরিয়া-দৌলতদিয়া ফেরী রুট | ৪.৫ | পাটুরিয়া এ্যাপ্রোচ চ্যানেল ৩.৩৫ মিঃ | দিবা/রাত্রি | ৩.০৪ মিঃ |
| ২৮ | নারায়ণগঞ্জ-ভৈরব | ৯৫ | নাব্যতা সংকট নেই | দিবা/রাত্রি | ৩.৯৬ মিঃ |
| ২৯ | ভৈরব-আজমেরীগঞ্জ | ১২৫ | ইকরাদিয়া-২.২৯ মিঃ | শুধু দিনে | ১.৯৮ মিঃ |
| ৩০ | আজমেরীগঞ্জ-শেরপুর | ৭১ | রানীগঞ্জ-২.৩৫ মিঃ | শুধু দিনে | ২.০৪ মিঃ |
| ৩১ | শেরপুর-জাকিগঞ্জ | ১১৬ | ফেঞ্চুগঞ্জ- ২.১০ মিঃ | শুধু দিনে | ১.৮৩ মিঃ |
| ৩২ | ভৈরব-ছাতক (ভায়া শিংপুর নালা) | ২৩০ | দোয়ালিয়া-৩.২০ মিঃ | শুধু দিনে | ২.৯০ মিঃ |
| ৩৩ | সদরঘাট-মীরপুর ব্রীজ | ১৬ | চরবাড়িরটেক ২.৯০ মিঃ | শুধু দিনে | ২.৬০ মিঃ |
| ৩৪ | মীরপুর ব্রীজ-আশুলিয়া | ১৩ | শনিরবিল ৩.৫০ মিঃ | শুধু দিনে | ৩.২০ মিঃ |

*** তারকা চিহ্নিত নৌ-পথের শোল এলাকাগুলো জোয়ারের সুবিধাসহ BIWTA এর পাইলট নিয়ে সতর্কতার সাথে চলাচলের জন্য অনুরোধ করা যাচ্ছে।**

১। <u>সতর্কতাঃ ১ নং (ক)</u> এতদ্বারা সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারেটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা-চাঁদপুর-বরিশাল/চট্টগ্রাম নৌ-পথের অন্তর্গত বুড়িগঙ্গা নদীর পোস্তগোলা ব্রীজের মাঝখানের স্প্যানের ক্ষতিগ্রস্থ গার্ডার সড়ক ও জনপথ বিভাগ মুন্সিগঞ্জ কর্তৃক মেরামত কাজের জন্য উক্ত স্প্যানের নৌ-চ্যানেলটি পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে। নৌ-দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে ক্ষতিগ্রস্থ ব্রীজের নীচের নৌ-চ্যানেলের মাঝে ড্রাম বয়া এবং বাতি স্থাপন করা হয়েছে। এমতাবস্থায় নিরাপদ নৌ-চলাচলের স্বার্থে বিকল্প হিসেবে ঢাকা হতে চাঁদপুর-বরিশাল/চট্টগ্রামগামী সকল নৌ-যানকে ক্ষতিগ্রস্থ ব্রীজের চ্যানেলটি পরিহার করে বাম পার্শ্বের চ্যানেল দিয়ে (বামে সবুজ রং ও সবুজ বাতি এবং ডানে লাল রং ও লাল বাতি দ্বারা চিহ্নিত) এবং বরিশাল/চট্টগ্রাম-চাঁদপুর হতে ঢাকাগামী সকল নৌ-যানকে ক্ষতিগ্রস্থ চ্যানেলটির ডান পাশ দিয়ে (ডানে সবুজ রং ও সবুজ বাতি দ্বারা চিহ্নিত) খুবই সাবধানতার সাথে ধীরগতিসহ সর্বোচ্চ সর্তকতা অবলম্বন পুর্বক চলাচল করার নির্দেশ দেয়া যাচ্ছে। বর্তমানে উক্ত বিকল্প চ্যানেলটির ব্রীজের ভার্টিক্যাল ক্লিয়ারেন্স ৫৬ ফুট এবং প্রশস্থতা ২০১ ফুট রয়েছে। উল্লেখ্য বিকল্প চ্যানেলটির প্রশস্থতা পুর্বের চ্যানেলের চেয়ে কম থাকায় এ চ্যানেল দিয়ে অভার টেকিং/ক্রসিং সম্পূর্ন নিষিদ্ধ।

**সতর্কতাঃ ১ নং (খ) নৌ-রুটঃ** বাঅনৌপক-নিহারীকা জাহাজ দ্বারা জানুয়ারী/২০২১ইং তারিখে চট্টগ্রাম-ভাষানচর নৌ-পথের ইনার লাইটেড বয়া-১ (লাল বয়া লাল বাতি) ২২° ১৮.৩৬৩ উত্তর এবং ০৯১° ২৯.৫২৮ পূর্ব অবস্থানে স্থাপন করা হয়েছে। ভাষানচর ইনার লাইটেড বয়া (সবুজ বয়া সবুজ বাতি) ২২° ১৭.৬৯৪ উত্তর এবং ০৯১° ১৭.৯৯৫ পূর্ব অবস্থানে, ভাষানচর ইনার লাইটেড বয়া-৩ (সবুজ বয়া সবুজ বাতি) ২২° ১৫.৬৬১ উত্তর এবং ০৯১° ১৬.৪৩৫ পূর্ব অবস্থানে স্থাপন করা হয়েছে। চট্টগ্রাম-চরগজারিয়া নৌ-পথের আক্তারবানু লাইটেড বয়া (সবুজ বয়া সবুজ বাতি) ২২° ১১.৬৯২ উত্তর এবং ০৯১° ১৮.৬৮৯ পূর্ব অবস্থানে, বয়ারচর-১ লাইটেড বয়া (লাল বয়া লাল বাতি) ২২° ২৮.৪১৭ উত্তর এবং ০৯১° ০৬.২১১ পূর্ব অবস্থানে, বয়ারচর-২ লাইটেড বয়া (সবুজ বয়া সবুজ বাতি) ২২° ২৯.১২৬ উত্তর এবং ০৯১° ০৫.১৯০ পূর্ব অবস্থানে এবং বয়ারচর-৩ লাইটেড বয়া (লাল বয়া লাল বাতি) ২২° ২৮.৫৪৫ উত্তর এবং ০৯১° ০৩.৬৫৮ পূর্ব অবস্থানে স্থাপন করা হয়েছে। চট্টগ্রাম হতে জনতাবাজার (চরগজারিয়া) যাওয়ার পথে বয়ারচর-১ ও বয়ারচর-৩ লাইটেড বয়া হাতের বামে থাকবে এবং আক্তারবানু ও বয়ারচর-২ লাইটেড বয়া হাতের ডানে থাকবে। চট্টগ্রাম হতে ভাষানচর যাওয়ার পথে ভাষানচর ইনার লাইটেড বয়া -১ হাতের বামে থাকবে। ভাষানচর হতে হাতিয়া/চেয়ারম্যন ঘাট যাওয়ার পথে ভাষানচর ইনার লাইটেড বয়া-২ এবং ভাষানচর ইনার লাইটেড বয়া-৩ হাতের ডানে থাকবে। এমতাবস্থায় ভাষানচর এলাকা ও বয়ারচর এলাকা জোয়ার শুরুর কমপক্ষে ২ঘন্টা পর মাষ্টার পাইলটসহ সতর্ককতার সহিত উক্ত স্থান অতিক্রমের পরামর্শ দেয়া যাচ্ছে। উল্লেখ্য যে, বয়ারচর এলাকায় সর্বশেষ হাইড্রোগ্রাফিক জরীপ মতে চ্যানেল পরিবর্তন হওয়ায় বয়ারচর বয়াটি বর্তমানে চ্যানেলের মধ্যে অবস্থান করছে বিধায় বয়াটির উভয় পাশ দিয়ে সর্তকতার সহিত চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে।

**সতর্কতাঃ ১ নং (ঘ) নৌ-রুটঃ** জনতাবাজার-চৌকিঘাটা-চাঁদপুর নৌ-পথের হুজুরেরখাল এলাকায় ০১টি লাল লালটেড বয়া এবং চৌকিঘাটা এলাকায় ১টি সবুজ লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। জনতাবাজার হতে উজানে আসতে হুজুরের খালে লাল লাইটেড বয়াটি হাতের বামে এবং চৌকিঘাটা সবুজ লাইটেড বয়াটি হাতের ডানে রেখে সতর্কতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে।

**সতর্কতাঃ ১ নং (ঙ) নৌ-রুটঃ** চাঁদপুর-নারায়ণগঞ্জ নৌ-পথের আমিরাবাদ নামক স্থানে লাইটেড বয়া (লালবাতি যুক্ত) স্থাপন করা হয়েছে। চাঁদপুর হতে উজানে যাওয়ার সময় লাল লাইটেড বয়াকে হাতের বামে রেখে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে।

২। **সতর্কতা ঃ-৪ নং (ক) নৌ-রুটঃ** চাঁদপুর-জনতাবাজার ও বরিশাল নৌ-পথের ইলিশা এলাকায় ২টি লাইটেড বয়া স্থাপন করা আছে। চাঁদপুর থেকে জনতাবাজার ও বরিশালগামী সকল নৌ-যানকে বয়া ২টি হাতের ডানে রেখে টার্নিং নেয়ার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। সকল যাত্রীবাহী লঞ্চ উলানিয়া সবুজ লাইটেড বয়ার ৩০০-৪০০ মিটার উজান দিয়ে ক্রস করে চলাচল করার অনুরোধ করা যাচ্ছে। ৩১/১২/২০ তারিখে উলানিয়া ড্রেজিং খাড়িতে ২টি লাইটেড বয়া ও ২টি স্ফেরিক্যাল বয়া স্থাপন করা হয়েছে। চাঁদপুর/ঢাকা থেকে বরিশাল/অন্যান্য স্থানে যাওয়ার সময় সকল বয়া হাতের ডানে রেখে সর্তকতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে।

**সতর্কতা ঃ-৪ নং (খ)** এতদ্বারা সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারেটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরিশাল-চাঁদপুর নৌ-পথের কীর্তনখোলা নদীর চরবাড়িয়া নামক স্থানে পাওয়ারগ্রীড কোম্পানী লিঃ (পিজিসিবি) কর্তৃক স্থাপিত ভোলা-বোরহানউদ্দিন সঞ্চালন লাইনের ডিসমেন্টালকৃত টাওয়ারবিহীন ০২টি পাইল লেগ নদীর ভিতরে (তবে দৃশ্যমান) থাকায় নৌ-দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে পাইললেগের উপর এ্যাংগেল ও পাইপ দিয়ে ২০ (বিশ) ফুট উচ্চতার টাওয়ার তৈরী করে তার উপর ০২টি সবুজ বাতি স্থাপন করা হয়েছে। এছাড়া উক্ত স্থানকে জিআরপি বয়া, ডায়মন্ড মার্কা, লাল পতাকা এবং রিফ্লেকটিভ পেপার দ্বারা চিহ্নিত করা হয়েছে। এমতাবস্থায়, বরিশাল হতে চাঁদপুরগামী সকল নৌ-যানকে উক্ত স্থান অতিক্রমের সময় স্থাপিত টাওয়ারটিকে হাতের ডানে এবং চাঁদপুর হতে বরিশালগামী সকল নৌ-যানকে উক্ত টাওয়ারটিকে হাতের বামে রেখে বিআইডব্লিউটিএ'র পাইলট নিয়ে অতি-সাবধানতার সাথে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৩। **সতর্কতাঃ ৭নং নৌ-রুটঃ** নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সিদ্ধান্তক্রমে ২১/০৩/১৬ তারিখ হতে সুন্দরবনের মধ্য দিয়ে প্রবাহিত শ্যালা নদী অর্থাৎ শরণখোলা (বগী) হতে জয়মনিরগোল (চাঁদপাই) নৌ-পথে সব ধরনের বাণিজ্যিক নৌ-যান চলাচল বন্ধ থাকবে। বিকল্প হিসাবে ঘাসিয়াখালী-মংলা (এম জি ক্যানেল হয়ে) নৌ-রুট ব্যবহার করা যাবে।

৪। **সতর্কতাঃ ৮নং ও ৯নং নৌ-রুটঃ** খুলনা শিপইয়ার্ড ও সেভেনরিং সিমেন্ট ফ্যাক্টরীর বিপরীত পাশে জাবুসা এলাকায় গত ১৫/০৩/১৮ইং তারিখে জিপসাম বোঝাই "এমভি বিবি-১১৩৪" নামক নৌ-যান নিমজ্জিত হয়েছে। ডুবন্ত নৌ-যানকে চিহ্নিত করার লক্ষ্যে উক্ত স্থানে একটি স্পেরিক্যাল রেক বয়া স্থাপন করা হয়েছে।

৫। **সতর্কতাঃ ১০নং নৌ-রুটঃ** তরতীপুর অটো রাইস এন্ড ডাল মিল এর নিকট ডুবন্ত "ডায়মন্ড অফ নারিশা" জাহাজে একটি জিআরপি রেক বয়া স্থাপন করা হয়েছে। খুলনা হতে নওয়াপাড়াগামী সকল নৌ-যান সমুহকে উক্ত স্ফেরিক্যাল রেক বয়া হাতের বামে এবং নওয়াপাড়া হতে খুলনাগামী নৌ-যান সমূহকে উক্ত বয়া হাতের ডানে রেখে সতর্কতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে। এছাড়া উক্ত নৌ-পথের অভয়নগর থানার নিকট শেখ ব্রাদার্স ঘাটের অপর পার্শ্বে বৃটিশ আমলে নির্মিত নীল কুটিরের অংশ বিশেষ ভেঙ্গে নদী গর্ভে পড়ে আছে। নৌ-দুর্ঘটনা এড়ানোর লক্ষে গত ১৯/১২/২০১৮ইং তারিখ উক্ত স্থানে একটি জিআরপি রেক বয়া স্থাপন করা হয়েছে। খুলনা হতে নওয়াপাড়াগামী সকল নৌ-যান সমূহকে উক্ত রেক বয়াকে হাতের ডানে এবং নওয়াপাড়া হতে খুলনাগামী নৌ-যান সমূহকে উক্ত রেক বয়াকে হাতের বামে রেখে বিআইডব্লিউটিএ'র পাইলট নিয়ে সতর্কতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে।

৬। **সতর্কতাঃ ১৮নং নৌ-রুটঃ** চাঁদপুর/হরিনা হতে আলুবাজারগামী নৌ-যানসমূহকে লক্ষীরচর টাওয়ার বিকনটিকে বামে রেখে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। হরিনা-আলুবাজার ফেরী রুটে বেরোচাক্কি নামক এলাকায় ড্রেজিং কাজ চলমান থাকায় সকল নৌ-যানকে সতর্কতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে।

৭। **সতর্কতাঃ ২০নং নৌ-রুটঃ** চাঁদপুর-নারায়নগঞ্জ নৌ-পথের আমিরাবাদ নামক স্থানে লালবাতি যুক্ত লাইটেড বয়া স্থাপন করা আছে। চাঁদপুর হতে-ঢাকা/নারায়নগঞ্জ/আশুগঞ্জগামী সকল নৌ-যানসমূহকে উক্ত লাইটেড বয়াসমুহ হাতের বামে রেখে চলাচল করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

৮। **সতর্কতাঃ ২১ নং নৌ-রুটঃ** মতিরহাট-মজুচৌধুরীর হাট নৌ-পথে ড্রেজিং কাজ চলমান থাকায় সকল নৌ-যানকে সতর্কতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে।

৯। **সতর্কতাঃ ২৩ নং নৌ-রুটঃ** বর্তমানে নদীর পানি ক্রমান্বয়ে হ্রাস পাওয়ার কারণে শোলগুলো ডুবন্ত থাকায় কাউলিয়া হতে সাহেবের আগলা পর্যন্ত নৌ-পথের শোলগুলো অতিক্রম করার সময় জাহাজ সমূহ নিরাপদ দুরত্ব রেখে খুব সাবধানতার সাথে চলাচল করবে। বর্তমানে বঙ্গবন্ধু সেতুর পশ্চিম পাড় হতে পিলার নং-০৫ ও ০৬ এর মাঝ দিয়ে জাহাজ সমূহ অতিক্রম করবে।

**বিঃ দ্রঃ-বিস্তারিত জানার জন্য নিম্নলিখিত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলঃ**

**১। পরিচালক (নৌ-সওপ), ফোন নং- ৯৫৫০৯১৮**
**২। অতিরিক্ত পরিচালক (নৌ-পথ), ফোন নং- ৯৫৫৭০৬০**
**৩। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), সদরঘাট ফোন নং- ৭১১৩৬৫০**
**৪। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), চাঁদপুর ফোন নং- ০৮৪১/৬৩২৮৩**
**৫। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), বরিশাল ফোন নং- ০৪৩১/৬৩৬৭৩**
**৬। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), চট্রগ্রাম ফোন নং- ০৩১/৬১০৬০০**
**৭। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), আরিচা ফোন নং- ৭৭১৬০৫২**
**৮। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), খুলনা ফোন নং- ০৪৩১/৭২০৩৪০**
**৯। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), সিরাজগঞ্জ ফোন নং- ০৭৫১/৬২২৫৯**

* দক্ষ/আভজ্ঞ সনদধারা মাষ্টার দ্বারা নো-যান পারচালনা করুন।
* পথিমধ্যে কাল বৈশাখী/স্থানীয় ঝড়ের আশংকা থাকলে নৌ-যান নিরাপদ স্থানে ভিড়িয়ে অপেক্ষা করুন।
* রাতের বেলায় াবশেষ সতকতার সাথে নো-যান পারচালনা করুন।

**পরিচালক**
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বিআইডব্লিউটিএ